বাংলাদেশে ক্রেডিট ইউনিয়নগুলোকে

টেকসই উন্নত আদর্শমানে উন্নীত করার পটভূমি

১। সমস্যাসমূহ

বাংলাদেশে প্রতিষ্ঠিত অধিকাংশ ক্রেডিট ইউনিয়নের প্রধান সমস্যা বা চ্যালেঞ্জ হলো এগুলোর কার্যক্রম পরিচালনা টেকসই উন্নত আদর্শমানের নয়। আকু এবং এর সদস্য ফেডারেশন কাল্ব কর্তৃক চিহ্নিত প্রধান প্রধান সমস্যাগুলো নিম্নরূপ:

* সকলে ক্রেডিট ইউনিয়নকে একটি সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করে। আন্দোলনে সম্পৃক্ত নেতৃবৃন্দের সনাতনী ধারণা "ক্রেডিট ইউনিয়ন কার্যক্রম শুধুমাত্র দরিদ্র লোকদের মধ্যে সীমাবদ্ধ";

* ক্রেডিট ইউনিয়ন কার্যক্রম পরিচালনায় শক্তিশালী, সময়োপযোগী, আইনগত ও পরিচালনাগত যথোপযুক্ত পরিবেশের অভাব;

* ক্রেডিট ইউনিয়নের আর্থিক কার্মকান্ড পরিচালনায় প্রফেশনাল স্টাফদের চেয়ে স্বেচ্ছাসেবীদের উপর অত্যাধিক নির্ভরশীলতা;

* বিশ্ব অর্থবাজারে প্রবল প্রতিযোগিতা ও দ্রুত পরিবর্তিত প্রেক্ষাপট সম্পর্কে এদেশের ক্রেডিট ইউনিয়ন সংশ্লিষ্ট নেতৃবর্গের যথাযথ ধারণার অভাব;

এদেশের ক্রেডিট ইউনিয়ন আন্দোলনকে যথাযথ টেকসই উন্নত আদর্শ অবস্থানে প্রতিষ্ঠিত করা সত্যিকার অর্থেই একটি দীর্ঘ মেয়াদী প্রক্রিয়া। ক্রেডিট ইউনিয়নের আর্থিক এবং মানবসম্পদ উন্নয়নে প্রধান অন্তরায়, প্রতিবন্ধকতা নির্ণয়ের মাধ্যমে এগুলোর নিরসন করে উন্নয়নের পথে আন্দোলনকে নিয়ে যাওয়ার লক্ষ্যে আকুর সহায়তায় ২০১২-২০১৫ মেয়াদের একটি ত্রিবার্ষিক কৌশলগত পরিকল্পনা কাল্ব প্রণয়ন করেছে।

পরিকল্পনার লক্ষ্য

যথাযথ এবং প্রতিযোগিতাপূর্ণ আর্থিক সেবা নিশ্চিত করে সদস্যদের আর্থ-সামাজিক প্রয়োজন পূরণে বাংলাদেশের ক্রেডিট ইউনিয়নগুলোকে সক্ষম করা।

পরিকল্পনার উদ্দেশ্য

প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় কারিগরী সহায়তার মাধ্যমে বাংলাদেশের ক্রেডিট ইউনিয়নগুলোতে পেশাদারী ব্যবস্থাপনার উন্নয়ন নিশ্চিত করা।

পরিকল্পনার বিস্তারিত বর্ণনা

* এই পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে ক্রেডিট ইউনিয়ন পরিচালনায় পেশাদারী ব্যবস্থাপনার কৌশলাদি উদ্ভাবন ও চালু করা হবে;

এই প্রক্রিয়ায় আরও থাকবে:

* সদস্য ক্রেডিট ইউনিয়নের তথ্য সংগ্রহের মাধ্যমে প্রকৃত অবস্থা নিরূপন;
* প্রশিক্ষণ ম্যানুয়াল এবং প্রশিক্ষণ সামগ্রী পুনঃবিবেচনা ও পুনঃনির্ধারণ;
* বর্তমান প্রশিক্ষণ সামগ্রী সমন্বিত ও একত্রীকরণ;
* নতুন নতুন প্রশিক্ষণ শিক্ষাক্রম (মডিউল) প্রস্তুত, প্রশিক্ষক এবং অংশগ্রহণকারীদের জন্যে ম্যানুয়াল তৈরী;
* প্রস্তুতকৃত প্রতিটি শিক্ষাক্রম (মডিউল) মাঠ পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষা পূর্বক বাস্তবায়ন;
* এদেশের ক্রেডিট ইউনিয়নগুলোর নেতৃবৃন্দ ও ম্যানেজারদের মাধ্যমে পরিকল্পনার কার্যকারিতা বিষয়ে মতামত (ফিডব্যাক) যাচাই;
* কাল্ব-এর চাহিদানুযায়ী বিষয়ভিত্তিক প্রশিক্ষক তৈরী করা;

এই উদ্দেশ্যে নিম্নোক্ত ছয়টি শিক্ষাক্রম (মডিউল) প্রস্তুতের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

কর্মশালা	অংশগ্রহণকারী	প্রত্যাশিত ফলাফল
ক্রেডিট ইউনিয়নের সাংগঠনিক ও কার্যপ্রণালী	বোর্ড চেয়ারম্যান ও ম্যানেজার	* সাংগঠনিক কাঠামো, ব্যবস্থাপনা ও ক্রেডিট ইউনিয়নের নীতিমালার ব্যাখ্যা ও পুনঃনির্ধারণ * বিভিন্ন পদ-পদবীর ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে জ্ঞাতকরণ
আর্থিক ব্যবস্থাপনা	ম্যানেজার এবং প্রধান কর্মীগণ	* ঋণ ব্যবস্থাপনা, খেলাপী নিয়ন্ত্রণ, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, সম্পদ ও দায় ব্যবস্থাপনা

		* আর্থিক ব্যবস্থাপনার কৌশলসমূহ ক্রেডিট ইউনিয়নে বাস্তবায়নের জন্যে প্রস্তুতকরণ *ক্রেডিট ইউনিয়ন পরিচালনাসূচক পর্যালোচনা (**PEARLS-GOLD)**
প্রোডাক্ট ও সার্ভিস	ম্যানেজার ও মার্কেটিং অফিসার	* বর্তমান প্রোডাক্ট পর্যালোচনা * প্রোডাক্টের বৈচিত্র্যকরণ এবং বর্তমান প্রোডাক্টগুলোকে নুতন ব্র্যান্ড করণ * অর্থ বাজার সম্পর্কে সব ধরনের তথ্য সংরক্ষণ * বর্তমান প্রোডাক্টগুলোর মূল্য পুনঃবিবেচনা করে নতুন মূল্য নির্ধারণ
ক্রেডিট ম্যানেজম্যান্ট	চেয়ারম্যান ও ম্যানেজার	* ঋণ নীতিমালা, ঋণের শ্রেণী বিভাজন * ঋেণ আবেদন যাচাই প্রক্রিয়া, * ঋণ আদায় ও খেলাপী ঋণ নীতিমালা * ঋণ অবলোপন
মানব সম্পদ	বোর্ড সভাপতি ও ম্যানেজার	* বোর্ড সদস্য এবং কর্মীদের জন্যে মানবসম্পদ উন্নয়ন নীতিমালা গ্রহণ * মানবসম্পদ উন্নয়ন নীতিমালা ক্রেডিট ইউনিয়নে বাস্তবায়ন
কৌশলগত পরিকল্পনা	বোর্ড চেয়ারম্যান ও ম্যানেজার	ক্রেডিট ইউনিয়ন উন্নয়নে দীর্ঘমেয়াদী কৌশলগত পরিকল্পনা প্রস্তুত

বর্তমান মডিউলের আলোচ্য বিষয়:

- বিপণন ক্ষেত্র বিশ্লেষণ,
- ভোক্তা ও সদস্যদের শ্রেণী বিন্যাস
- ভিন্ন ভিন্ন শ্রেণীর ভোক্তা, সদস্যদের প্রত্যাশা অনুযায়ী প্রোডাক্ট ও সার্ভিস প্রচলন

ক্রেডিট ইউনিয়ন ব্যবস্থাপনাকে মনে রাখতে হবে:

* প্রতিযোগিতার এই অর্থ বাজারে ক্রেডিট ইউনিয়নের সনাতন প্রোডাক্ট বা সার্ভিস প্রদানের মাধ্যমে সদস্য ভোক্তাদের প্রত্যাশা, আস্থা ও নির্ভরশীলতা ধরে রাখা সম্ভব নয়।

* ক্রেডিট ইউনিয়নকে “সদস্য ভোক্তাদের প্রত্যাশা অনুযায়ী অনন্য ও আকর্ষণীয়” সার্ভিস চিহ্নিত করতে হবে।

* উচ্চমানের সার্ভিস ও প্রোডাক্ট ক্রেডিট ইউনিয়নকে প্রতিযোগিতামূলক অর্থ বাজার টিকিয়ে রাখতে সক্ষম।

ক্রেডিট ইউনিয়নের প্রোডাক্ট ও সার্ভিস আকর্ষণীয় অবস্থান সংরক্ষণ

* আকর্ষণীয় সুনির্দিষ্ট আদর্শ ও লক্ষ্য।
* প্রয়োজন ভিত্তিক সমস্যার সমাধান, সুযোগ-সুবিধা ক্ষেত্র উন্মোচন।
* বিশেষ বিশেষ লক্ষ্য স্থির করা।
* ভোক্তাদের প্রয়োজনীয়তা ভিত্তিক প্রোডাক্ট ও সার্ভিস উদ্ভাবন।
* চলতি প্রোডাক্টের উন্নয়ন সাধন।

আমাদের সর্বদা স্মরণ রাখতে হবে সদস্য ভোক্তারা সর্বদা ক্রেডিট ইউনিয়নের বিভিন্ন প্রোডাক্ট ও সার্ভিস নিম্নলিখিত আঙ্গিকে মূল্যায়ন করে থাকে:

☐ নির্ভরশীলতা- সংশিষ্ট প্রোডাক্ট ও সার্ভিস নির্ভরযোগ্য, সঠিক ও টেকসই কিনা?

☐ নিশ্চয়তা- সংশিষ্ট প্রোডাক্ট ও সার্ভিস বিষয়ে ক্রেডিট ইউনিয়ন কর্মীরা তাদের জ্ঞান, দক্ষতা, ভদ্রতা ও সামর্থ্য নিয়ে সদস্যদের আস্থা অর্জন করছে কিনা?

☐ বন্ধুত্বপূর্ণ মনোভাব- সদস্যদের যত্নের সঙ্গে ব্যক্তিগত পর্যায়ে সেবা দেয়া হয় কিনা বা সদস্য ব্যক্তিগত পর্যায়ে আতিথেয়তা বা প্রাধান্য পায় কিনা?

☐ সংবেদনশীলতা- ক্রেডিট ইউনিয়নের স্টাফ সদস্যদের সেবা ও সহযোগিতা দিতে কতদূর আগ্রহী? কোন সমস্যার সৃষ্টি হলে কিভাবে এবং কতসময়ে তা সমাধানের ব্যবস্থা নেয়া হয়।

☐ দৃষ্টিনন্দন- সদস্যরা ক্রেডিট ইউনিয়নের বাইরের চাকচিক্য যেমন সুযোগ সুবিধা, সরঞ্জাম, সেবা প্রাপ্তির দ্রুততা এবং কর্মীদের উপস্থিতি ও দক্ষতা বিষয়ে সন্তুষ্ট কিনা?

সদস্য ভোক্তাদের শ্রেণী বিভাজনের ক্ষেত্রসমূহ

১। লিঙ্গগত

২। বয়সগত

৩। পারিবারিক আর্থিক সামর্থ্যগত

৪। বাসস্থান বা কর্মস্থলের অবস্থানগত

৫। পেশাগত

৬। আয়ভিত্তিক

৭। ঋণগ্রহণের প্রবণতা

৬০ বছরর বা তার উর্ধ্বে বয়সের মানুষের সাধারণ বৈশিষ্ট্য

- ☐ সর্বদাই খুব সহনশীল
- ☐ সনাতনী ধারণায় স্থির
- ☐ এক জায়গায় গচিছত সম্পদ সহজে অন্যত্র সরাতে চান না
- ☐ যেকোন ধরনের বিজ্ঞাপনে ধীরে আকৃষ্ট হন
- ☐ ব্যক্তিগত পর্যায়ের সেবা ও সম্মান পেতে পছন্দ করেন
- ☐ মুরব্বী হিসেবে বিশেষ সেবা ও সম্মান পেতে পছন্দ করেন

৪৬ - ৫৯ বছর বয়সের মানুষের সাধারণ বৈশিষ্ট্য

- [ ] সঞ্চয়ে প্রতি খুব বেশি মনোযোগী।
- [ ] সঞ্চয়ের উচ্চহারের লাভ প্রদানের বিজ্ঞাপনের মাধ্যমে আকৃষ্ট করা যেতে পারে।
- [ ] এদের গাড়ী ঋণ, আর্থিক পরিকল্পনা, সহজ ও লাভজনক সঞ্চয় বা অবসরকালে পেনসন পাওয়ার প্রতি আকর্ষণ থাকে।
- [ ] মোটামোটি আর্থিক স্থিরতা সম্পন্ন।
- [ ] যথাসম্ভব কম ব্যয় করতে এবং নিজের বেশি সঞ্চয় দেখতে আগ্রহী।
- [ ] উদ্ভাবনী ফলাফল সম্পন্ন সঞ্চয় প্রোডাক্টের প্রতি উৎসাহী হন।
- [ ] নিজেদের প্রতি অন্যের বিশেষ মনোযোগ বা গুরুত্ব পছন্দ করে না।

২৬ - ৪৫ বছর বয়সের মানুষদের সাধারণ বৈশিষ্ট্য

- [ ] খরচ করতে বেশ উৎসাহী
- [ ] সর্বদা স্থানীয় সহজভাবে পৌঁছানো সম্ভব আর্থিক প্রতিষ্ঠানে নিজের ব্যবসা সম্বন্ধে আলোচনা করতে তৎপর হয়।
- [ ] নিজের সম্পদ স্থবির অবস্থায় রাখতে চান না।
- [ ] শুধুমাত্র জামিনের জন্য সঞ্চয় করে থাকেন।
- [ ] পরিবর্তনশীল মনোভাবাপন্ন এবং অনেক ব্যয় করেন।
- [ ] পরিবারের প্রয়োজনীয় দ্রব্যাদি সংগ্রহে উৎসাহী।

১৯ - ২৫ বছর বয়সের মানুষের সাধারণ বৈশিষ্ট্য

- ☐ ক্রেডিট ইউনিয়নের মৌলিক ধারণার প্রতি গভীর আগ্রহ।
- ☐ ক্রেডিট ইউনিয়নে সদস্যপদ গ্রহণে আগ্রহী। বিধায় এদের ক্রেডিট ইউনিয়নের কার্যক্রম বিষয়ে সচেতন করে এর সার্ভিসের বিষয়ে অবগত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ☐ ব্যয় করার নিমিত্তে অতিরিক্ত অর্থ আয়ের জন্য উদগ্রীব থাকে।
- ☐ নিজের উচ্চ পর্যায়ের মূল্যায়ন প্রত্যাশা করে।
- ☐ আকর্ষণীয় পণ্য ক্রয় মনোভাবাপন্ন।
- ☐ নিজের অর্থ মাঝে মধ্যেই জমা ও উত্তোলনে সচেষ্ট থাকে।
- ☐ যথাসম্ভব দ্রুত প্রয়োজনীয় সেবা পেতে চায়।

সদ্য প্রসূত - ১৮ বছর বয়সের মানুষের বৈশিষ্ট্য

- ☐ আজকের শিশু, কিশোর ক্রেডিট ইউনিয়নের আগামী সদস্য।
- ☐ পিতা-মাতা বা দাদা-দাদীর সঙ্গে এদের ভাল সম্পর্ক থাকে।
- ☐ বিভিন্ন সময়ে অর্থ উপহার পেয়ে থাকে।
- ☐ অনেক ছাত্র খন্ডকালীন কাজ করে অর্থ উপার্জন করে থাকে।
- ☐ এসময়েই সঞ্চয়ী হিসাবে গড়ে তোলা সহজ।
- ☐ সহজেই আর্থিক শৃংখলা শেখানো যায়।
- ☐ ভবিষ্যতে আকর্ষণীয় কিছু অর্জন করতে এবয়সেই লক্ষ্য নির্ধারিত সঞ্চয়ে উদ্বুদ্ধ করা বেশ সহজ।

ক্রেডিট ইউনিয়নের প্রোডাক্ট ও সার্ভিস সংক্রান্ত নীতিমালা

হিসাব কোড ঃ **এস-১**

প্রোডাক্টের নাম ঃ **ব্যক্তিগত সাধারণ সঞ্চয় হিসাব**

সুদের হার ঃ **বাজার মূল্যের সঙ্গে পরিবর্তনযোগ্য**

ন্যূনতম মাসিক জমা ঃ **২০০/= টাকা**

বৈশিষ্ট্য ঃ

* চুক্তি ভিত্তিক কোন মেয়াদকাল ছাড়া সাধারণ তরল সঞ্চয়ী হিসাব ।
* ন্যূনতম ২০০/- টাকা জমা করে এই হিসাব খোলা যায়।
* সর্বনিম্ন স্থিতি ২০০/- টাকা।
* ৩ মাস যাবৎ কোন প্রকার লেন-দেন না করা হলে মাসিক ফি ৫ টাকা কর্তন করা হবে।
* যেকোন সদস্য বা অ-সদস্য এই হিসাব খুলতে পারে।
* সঞ্চয় স্থিতি ৫০০/= টাকার নীচে নামলে এই সঞ্চয়ী হিসাবের জন্য সেমাসে কোন সুদ দেয়া হবেনা।
* এই হিসাবের সুদ ত্রৈমাসিক ভিত্তিতে মাসের গড় সঞ্চয়ের ভিত্তিতে হিসাব করা হয় এবং সংশিষ্ট সঞ্চয় হিসাবে স্থানান্তর করা হয়।

হিসাব কোড ঃ এস-২

প্রোডাক্টের নাম ঃ মেয়াদী আমানত

সুদের হার ঃ ফ্ল্যাট রেট

ন্যূনতম জমা ঃ ১০,০০০ টাকা

বৈশিষ্ট্য সমূহ

* নির্দিষ্ট মেয়াদে এবং সুদ হারে আর্থিক বিনিয়োগ যার জন্য সনদ প্রদান করা হয়।
* ভিন্ন নির্দিষ্ট মেয়াদের জন্য ভিন্ন নির্দিষ্ট হারের সুদ প্রদান করা হয়।
* সনদের মেয়াদ পূর্তির ২০ (বিশ) দিন পূর্বে আমানতকারীকে স্মরণ করিয়ে দেওয়া হবে এবং মেয়াদ পূর্তির পর ১০ দিন বা তার মধ্যে (গ্রেস পিরিয়ড) উক্ত আমানত উত্তোলন বা নবায়ন করতে হবে।
* মেয়াদ পূর্তির ১০ (দশ) দিনের মধ্যে আসলসহ সুদ উত্তোলন বা আমানতকারীর কোন মতামত বা নির্দেশনা পাওয়া না গেলে সংশিষ্ট আমানত একই শর্ত ও সুদ হারে নবায়ন হয়ে যাবে।
* নির্দিষ্ট সময়ের পূর্বে উত্তোলন করা হলে সমুদয় সুদ কাটা যাবে।
* আমানতের সুদ হার সময়কাল ভিত্তিতে ভিন্ন হবেঃ

সময়কাল	**বার্ষিক সুদ হার**
৩০ - ৮৯ দিন	
৯০ - ১৮০ দিন	
১৮১ - ২৭০ দিন	
২৭১ - ৩৬৪ দিন	
১ বছর কিন্তু ২ বছরের নীচে	
২ বছর কিন্তু ৩ বছরের নীচে	
৩ বছর	

হিসাব কোড ঃ **এস-৩**

প্রডাক্টের নাম ঃ **ইয়ুথ-বি সেভিংস হিসাব**

সুদের হার ঃ **বাজার অনুযায়ী পরিবর্তনশীল**

ন্যূনতম জমা ঃ **মাসিক ১০ টাকা**

বৈশিষ্ট্য সমূহ ঃ

* ১৩ বৎসরের নীচের শিশুদের জন্য বিশেষ সঞ্চয় প্রকল্প।
* ন্যূনতম ৫০ টাকা দিয়ে হিসাব খোলা যায়।
* হিসাবে ন্যূনতম ৫০ টাকা স্থিতি থাকতে হবে।
* দৈনিক কমপক্ষে ২ টাকা সঞ্চয় করতে হবে।
* ৩ মাস কোন লেন-দেন না হলে ২ টাকা হারে হিসাব খরচ কর্তন করা হবে।
* প্রতি ৬ (ছয়) মাসে ইয়ুথ-বি আমানতকারীদের প্রদেয় পুরস্কার প্রদানের হালনাগাদ করা তালিকা অনুযায়ী পুরস্কার পেতে এই হিসাবে সঞ্চয়কারীদের ২৫ টাকা জমার জন্য ১ (এক) পয়েন্ট প্রদান করার ঘোষণা থাকবে।
* ইয়ুথ-বি সঞ্চয় হিসাবে জমার জন্য ক্রেডিট ইউনিয়নের কর্মীবরা সংশিষ্ট হিসাবধারীর পিতা-মাতা, পিতামহ-পিতামহী, মামা-চাচা, মামী-চাচী, ধর্মপিতা-ধর্মমাতার নিকট শিশুদের জন্য আকর্ষণীয় স্টিকার, দর্শনীয় দ্রব্যাদি বিক্রয়ের ব্যবস্থা করবে।
* পিতা-মাতা, পিতামহ-পিতামহী, মামা-চাচা, মামী-চাচী, ধর্ম পিতা-ধর্ম মাতা, ভ্রাতা-ভগ্নী শিশুদের বিশেষ বিশেষ দিন বা উপলক্ষে শিশুর সঞ্চয়ী হিসাবে সরাসরি জমার মাধ্যমে শিশুর জন্য প্রদেয় উপহার দিতে পারবেন।
* এধরনের সঞ্চয়কারীকে তার নিয়মিত সঞ্চয় অভ্যাসের জন্য বা বেশি সঞ্চয়ের জন্য পুরস্কৃত করা হবে। যেমন মাসের সেবা ইয়ুথ-বি সঞ্চয়কারীর ছবি ক্রেডিট ইউনিয়নের নোটিশ বোর্ডে সাঁটিয়ে রাখা বা বছরের সেরা ইয়ুথ-বি সঞ্চয়কারীকে ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সভায় পুরস্কৃত করা, ইয়ুথ-বি সঞ্চয়কারীদের জন্য শিশুতোষ কার্যক্রম গ্রহণ করা হবে।
* ইয়ুথ-বি সঞ্চয়কারী শিশু - - - - - - পয়েন্ট অর্জন করলে তাকে ক্রেডিট ইউনিয়নের

  “- - - - - - - - ক্লাব)-এর সদস্য করা হবে। এই ক্লাবের সদস্য হলে শিশুরা অগ্রাধিকার ভিত্তিতে সেবা, পিকনিকে যাওয়া, জন্মদিনের পার্টি বা দর্শনীয় স্থানে ভ্রমণের আমন্ত্রণ ও সুযোগ পাবে।

* এই সঞ্চয়কারীদের জন্য ক্রেডিট ইউনিয়ন বিশেষভাবে তৈরী আকর্ষণীয় পাশ বই, সঞ্চয়ী সদস্যপদের বিশেষ পরিচিতি পত্র বা নাম ফলকযুক্ত বোতাম দিয়ে শিশুকে উৎসাহিত করার ব্যবস্থা করবে।

- ইয়ুথ-বি সঞ্চয়ী হিসাবের নির্ধারিত সর্বনিম্ন সঞ্চয় স্থিতির জন্য ত্রৈমাসিক ভিত্তিতে সুদ বা সেবামূল্য হিসাবে স্থানান্তরের মাধ্যমে প্রদান করা হবে।

হিসাব কোড ঃ এস-৪

প্রডাক্টের নাম ঃ **Smarteen** সঞ্চয় (কিশোর সঞ্চয়)

সুদের হার ঃ বাজার অনুযায়ী পরিবর্তনশীল

ন্যূনতম জমা ঃ মাসিক ৩০ টাকা

বৈশিষ্ট্যসমূহ

* ১৩ থেকে ১৯ বছর বয়সী কিশোর এই সঞ্চয় করতে পারবে।
* কমপক্ষে ৫০ টাকা জমা করে হিসাব খোলা যাবে।
* হিসাবে কমপক্ষে ১০০ টাকা স্থিতি থাকতে হবে।
* কিশোরের শিক্ষা জীবনের বিশেষ ফলাফল, জন্মদিন, বড়দিন/ঈদ/পূজা উপলক্ষে কিশোরদের পিতা-মাতা, পিতামহ-পিতামহী, মামা-চাচা, মামী-চাচী, ধর্মমাতা-ধর্মপিতা, ভ্রাতা-ভগ্নী সংশিষ্ট কিশোরের হিসাবে জমাদান করে উপহার প্রদান করতে পারবে।
* এই সঞ্চয়ী প্রকল্পের মাধ্যমে কিশোরদের সঞ্চয়ী হয়ে উঠতে এবং মিতব্যয়ের অভ্যাস গড়তে সাহায্য করা হয় এবং কোন বিশেষ লক্ষ্য বাস্তবায়িত করতে সঞ্চয় সমাহারে উদ্বুদ্ধ করা যায়।
* ৩ মাস যাবৎ হিসাবে কোন লেন-দেন না থাকলে ৫ টাকা হিসাব-খরচ কর্তন করা হবে।
* এই হিসাবে সঞ্চয়ীরা প্রতি ৫০ টাকা জমার জন্য ১ (এক) পয়েন্ট লাভ করবে। সর্বোচচ পয়েন্টধারী ক্রেডিট ইউনিয়ন নির্ধারিত পুরস্কার লাভ করবে।
* ক্রেডিট ইউনিয়নের কর্মীরা কিশোর সঞ্চয় বৃদ্ধির জন্য কিশোর সঞ্চয়কারীর পিতা-মাতা, পিতামহ-পিতামহী, মামা-চাচা, মামী-চাচী, ধর্মমাতা-ধর্মপিতা, ভ্রাতা-ভগ্নীর নিকট হতে আদায়ের উদ্যোগ গ্রহণ করবেন।
* প্রতি মাস শেষে ন্যূনতম ৫০০ টাকা জমা স্থিতি ছাড়া সুদ প্রদান করা হবে না।
* মাসের সর্বনিম্ন সঞ্চয় স্থিতির উপর ত্রৈমাসিক ভিত্তিতে এই হিসাবের অর্জিত সুদ হিসাবে স্থানান্তর করা হবে।

* উলেখিত সঞ্চয়ী হিসাবটিকে মেয়াদী হিসাবেই সমধিক বিবেচনা করা হয়। এই সঞ্চয়ী হিসাবধারীকে নির্দিষ্ট উদ্দেশ্যে ও মেয়াদ ভিত্তিক সঞ্চয়ে উৎসাহিত করা যেতে পারে। যেমনঃ

সঞ্চয় প্রডাক্ট	**মোট সঞ্চয় লক্ষ্যমাত্রা**	**সময়কাল**
সঞ্চয় বৃদ্ধি		
শিক্ষা-সঞ্চয় (কম্পিউটার, মোবাইল ফোন ইত্যাদি)		
স্বপ্নের মটর সাইকেল		
নির্দিষ্ট স্থানে ভ্রমণ/বেড়ানো		
যোগ্য ক্রেতা		

হিসাব কোড ঃ এস-৫

প্রোডাক্টের নাম ঃ পেনসন সঞ্চয় পরিকল্পনা

সুদের হার ঃ চুক্তি মোতাবেক স্থিরকৃত

ন্যূনতম জমা ঃ মেয়াদান্তে ৩০,০০০ টাকা বা উর্ধ্বে যে কোন পরিমাণ

বৈশিষ্ট্য সমূহ

* মেয়াদ ভিত্তিক স্থায়ী সঞ্চয় ব্যবস্থা।

* ৩০-৫০ বছর বয়সের সদস্যরা এই পরিকল্পনার আওতাধীন।

* ন্যূনতম ৩০,০০০ টাকার চুক্তি হতে হবে।

* চুক্তি মোতাবেক ৫ বছরে মাসিক ভিত্তিতে নিয়মিত সঞ্চয় করতে হবে।

* সঞ্চয়কারীর ৬০ বছর বয়সে মেয়াদ পূর্ণ হবে। সঞ্চয়কারী সঞ্চয় মেয়াদকাল শেষে মেয়াদ শেষের চুক্তি মাফিক মূল্যমানের অর্থ উত্তোলন করতে পারবে অথবা ৫ বছর প্রতিমাসে নিয়মিত পেনসন ভোগ করতে পারবেন।

* এধরনের সঞ্চয়ী সদস্য ৫ বছরের মেয়াদ শেষে প্রতিমাসে পেনসন পেতে চাইলে চুক্তির মূল্যমানের অর্থ তার সাধারণ সঞ্চয়ী হিসাবে স্থানান্তর করা হবে এবং উক্ত হিসাবের সুদ অর্জিত হবে।

* ৩ মাস নিয়মিত সঞ্চয় জমা করতে ব্যর্থ হলে সমুদয় সঞ্চয় সদস্যের সাধারণ সঞ্চয়ে হিসাবে স্থানান্তর করা হবে। এক্ষেত্রে সদস্য তার এই খাতে সঞ্চয়ের জন্য সাধারণ সঞ্চয় হিসাবের সুদই পাবে।

* মেয়াদ পূর্তির পর এই সঞ্চয়ী হিসাবের সুদ হিসাব করে চুক্তি মোতাবেক সঞ্চয়ের সঙ্গে যোগ করে পেনসন মূল্যমান সদস্যকে পরিশোধ করা হবে।

* এই সঞ্চয়ী পরিকল্পনায় নিম্নলিখিতভাবে সঞ্চয় হিসাব করা হবে:

পেনসন পরিকল্পনার মাসিক সঞ্চয়

৫ বছর বা উর্ধ্ব মেয়াদী

বয়স	৩০,০০০ টাকা	৪০,০০০ টাকা	৫০,০০০ টাকা	৬০,০০০ টাকা	৭০,০০০ টাকা	৮০,০০০ টাকা	৯০,০০০ টাকা	১০০,০০০ টাকা	৪% হিসাবে
৩০									
৩১									
৩২									
৩৩									
৩৪									

৩৫									
৩৬									
৩৭									
৩৮									
৩৯									
৪০									
৪১									
৪২									
৪৩									
৪৪									
৪৫									
৪৬									
৪৭									
৪৮									
৪৯									
৫০									

হিসাব কোড ঃ এস-৬

প্রোডাক্টের নাম ঃ ঈদ, পূজা, বড়দিন উৎসব সঞ্চয় ক্লাব

সুদের হার ঃ অর্থবাজারের সঙ্গে পরিবর্তনশীল

ন্যূনতম জমা ঃ মাসিক ১০০ টাকা

বৈশিষ্ট্য সমূহ

* ঈদ, পূজা, বড়দিন উৎসব সঞ্চয় ক্লাব বছরের সবচেয়ে বেশি ব্যয়কালীন সময় তথা উল্লেখিত উৎসা পার্বণে ব্যয়ের জন্য সঞ্চয় পরিকল্পনা। পরিবারের সদস্যদের সন্তুষ্টির জন্যে এসব উৎসবে অধিক ব্যয় বহনে অনেক সমস্যায় পড়ে। এসব পরিবারের সদস্যরা বছরব্যাপী সঞ্চয়ের মাধ্যমে নির্দিষ্ট উৎসবের এই ব্যয় মেটাতে পারে।

* ছোট অংকের অর্থ জমিয়ে বছরের এই আবশ্যিক খরচ বা খরচের অংশ মেটাতে পারে। সদস্য তার উল্লেখিত উৎসবের ব্যয় মেটাতে হিসাব করে প্রতিদিন, প্রতি সপ্তাহ বা প্রতি মাসে নিয়মিতভাবে সামান্য পরিমাণ অর্থ জমা করে উৎসবের এককালীন বিশাল ব্যয়ের চাপ কমাতে পারে।

* কমপক্ষে ১০০ টাকা জমা করে এই হিসাব খোলা যায়।

* কমপক্ষে এই হিসাবে ৫০০ টাকা স্থিতি রাখতে হবে।

* পর পর ৩ মাস এই হিসাবে লেন-দেন না হলে ৫ টাকা হিসাব চার্জ কর্তন করা হবে।

* এই হিসাব হতে বছরে শুধুমাত্র ঈদ, পূজা, বড়দিন উপলক্ষে ১ (এক) বার উত্তোলন করা যাবে।

* সদস্য বা সদস্য-নন এমন ব্যক্তিরা এই হিসাব খুলতে পারবে।

* হিসাবে সঞ্চয় স্থিতি ৫০০ টাকা কম থাকলে ঐ মাসের সুদ দেওয়া হবে না।

* প্রতিমাসে ৫০০ টাকার উর্ধ্বে তবে সর্বনিম্ন পরিমাণের স্থিতির জন্য সুদ হিসাব কষা হবে এবং এই সুদ প্রতিমাসে সদস্যের হিসাবে স্থানান্তর করা হবে।

হিসাব কোড ঃ **এস-৭**

প্রোডাক্টের নাম ঃ **অবকাশ সঞ্চয়**

সুদের হার ঃ **পরিবর্তনশীল**

ন্যূনতম জমা ঃ **মাসিক ১০০ টাকা**

বৈশিষ্ট্য সমূহ

* সদস্য বা সদস্য-নন এমন ব্যক্তিকে অবকাশ যাপনের ব্যয় মেটাতে সহায়তা দান।

* বছর শেষে ছুটি কালে ব্যয়ের জন্য তহবিল সৃষ্টির মাধ্যমে সুদ আয় করা।

* এই সঞ্চয়ের মাধ্যমে একজন সদস্য বা অ-সদস্য তার বার্ষিক অবকাশে বিভিন্ন দ্রব্যাদি ক্রয়, বিনোদন ভ্রমণ ব্যয়, অন্যত্র বেড়ানোর অন্যান্য ব্যয়ের জন্য অর্থ সঞ্চয় করতে পারে।

* এই সঞ্চয় পরিকল্পনার সুবিধা হলো:

  - নিশ্চিতভাবে ক্রয় করা যায়, কারণ এধরনের ক্রয়ের জন্য কত তহবিল রয়েছে তা জানা থাকে।
  - ছুটির পর ছুটিকালে ব্যয়কৃত অর্থের জন্য দুঃশ্চিন্তাগ্রস্ত হতে হয় না।
  - বেশি সুদ পাওয়ায় সঞ্চিত অর্থের চেয়ে বেশি অর্থ পাওয়া যায়।
  - নিজের দৈনিক, সাপ্তাহিক, মাসিক আয় হতে একটি নির্দিষ্ট অংকের অর্থ আগে থেকেই পরিকল্পিতভাবে ও সহজে জমা করা যায়।
  - লোভনীয় আকর্ষণীয় অবকাশ যাপনের ব্যয় মেটাতে অধিক সঞ্চয়ে উৎসাহিত করে।

* এই হিসাবের জন্য প্রতিমাসে সুদ হিসাব করে প্রতিমাসেই সংশিষ্ট হিসাবে স্থানান্তর করা হয়।

* পরিকল্পিত অবকাশ শুরু হওয়ার ১ (এক) সপ্তাহ পূর্বে এই সঞ্চয় উত্তোলন করা যাবে। অ-সময়ে উত্তোলন করা যাবে না।

* পর পর ৩ মাস হিসাবে কোন লেন-দেন না হলে ৫ টাকা হিসাব খরচ কাটা হবে।

হিসাব কোড ঃ এস-৮

প্রোডাক্টের নাম ঃ বাজেট সঞ্চয় হিসাব

সুদের হার ঃ পরিবর্তনশীল

ন্যূনতম জমা ঃ মাসিক ১০০ টাকা

বৈশিষ্ট্য সমূহ

* এর মাধ্যমে পারিবারিক জীবনের বিভিন্ন নিয়মিত দেয় বিল, ফি পরিশোধ করা যায়।

- মটর গাড়ী রেজিষ্ট্রেশন
- মটর গাড়ী ইন্সুরেন্স
- বাসগৃহ মেরামত
- সন্তানদের স্কুল, কলেজ ফি
- বাসগৃহ সংস্কার
- বিভিন্ন অত্যাবশ্যকীয় সরঞ্জাম ক্রয়

* এই সঞ্চয়ের ফলে সদস্যদেরকে উপরোল্লিখিত বিষয়ে ব্যয়ের প্রয়োজন মেটাতে থেমে যেতে হয় না।

* এই সঞ্চয়ের জন্য প্রতিমাসে সুদ কষে সংশিষ্ট হিসাবে প্রদান করা হয়।

* পরিকল্পিত ব্যয় মেটানোর ১ সপ্তাহ আগে-পরে সঞ্চয় উত্তোলনযোগ্য নয়।

* পর পর ৩ মাস লেন-দেন না হলে ৫ টাকা হিসাব খরচ কর্তন করা হয়।

হিসাব কোড ঃ **এস-৯**

প্রোডাক্টের নাম ঃ **সুবর্ণ সময়ের সঞ্চয়**

সুদের হার ঃ **পরিবর্তনশীল**

নূন্যতম জমা ঃ **মাসিক ১০০ টাকা**

বৈশিষ্ট্য সমূহ

* ৬০ বছর বয়সের উর্ধ্বের সদস্য এই সঞ্চয় কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে।
* ৬০ বছর বয়সের উর্ধ্বের মুরব্বীগণ তাদের পেনসন এবং সন্তানদের নিকট হতে প্রাপ্ত অর্থ এই হিসাবে জমা করতে পারে।
* সন্তান, ভাতিজা-ভাতিজি মুরব্বীগণের এই হিসাবে তার জন্মদিন, কোন বার্ষিকী বা উৎসবে তাদের উপহারের অর্থ জমা করতে পারে।
* এই হিসাবে সার্বক্ষণিকভাবে ডাকলে সেবা দেয়া হয়।
* এই হিসাব পরিচালনাকারীর অনুরোধে হিসাবে সঞ্চিত অর্থ অধিক সুদ বা লাভের জন্য মেয়াদী আমানতে স্থানান্তর করা হয়।
* প্রতি ৫০ টাকা জমার জন্য ১ (এক) পয়েন্ট ধরে সর্বোচ্চ পয়েন্টধারী আমানতকারীকে ক্রেডিট ইউনিয়ন হতে উপহার দেওয়ার ব্যবস্থা আছে।
* এধরনের ১০০ পয়েন্ট লাভের পর "গোল্ড ক্লাবে" সদস্যভুক্ত হওয়া যাবে। "গোল্ড ক্লাব"-এর সদস্যপদ প্রতিবছর পয়েন্টের ভিত্তিতে নবায়ন করা হবে। গোল্ড ক্লাব-এর সদস্যপদের সুবিধাগুলো হলো :

  - অগ্রাধিকার ভিত্তিক সেবার ব্যবস্থা
  - বিনামূল্যে ক্রেডিট ইউনিয়ন টিশার্ট ও কফি মগ
  - ক্রেডিট ইউনিয়নের জিমনাসিয়াম ব্যবহারে ৫০% ছাড়
  - বার্ষিক সাধারণ সভায় সম্মানীতদের সারিতে সিট প্রদান, প্রভৃতি।

* এই সঞ্চয়ী হিসাবের ত্রৈমাসিক ভিত্তিতে সুদ কষে হিসাবে স্থানান্তর করা হয়।

হিসাব কোড ঃ **এস-১০ ক**

প্রোডাক্টের নাম ঃ **গৃহায়ণ সঞ্চয় হিসাব**

সুদের হার ঃ **পরিবর্তনশীল**

ন্যূনতম মাসিক জমা ঃ **মাসিক - - - - - - - - টাকা**

বৈশিষ্ট্য সমূহ

* সদস্যের গৃহায়ণ সমস্যা দূর করার লক্ষ্যে এই সঞ্চয় পরিকল্পনা বাস্তবায়ন করা হবে।

* এই সঞ্চয়ের অর্থে সদস্যের গৃহ নির্মাণ বা ক্রয়ের প্রাথমিক এককালীন অর্থ বিনিয়োগ (dawn payment) করতে সহায়তা করবে।

* সদস্যকে কিস্তিতে একটি আবাস পেতে সহায়তা করবে।

* এই হিসাবে সঞ্চয় ভিন্ন ভিন্ন অবস্থার জন্য ভিন্ন পরিমাণের হবে। সঞ্চয়কারী এবিষয়ে ক্রেডিট ইউনিয়নের আর্থিক বিশেষজ্ঞের পরামর্শক্রমে তার নিয়মিত সঞ্চয়ের পরিমাণ নির্ধারণ করবে।

হিসাব কোড ঃ **এস-১০ খ**

প্রোডাক্টের নাম ঃ **বাসগৃহ সংস্কারের সঞ্চয়**

সুদের হার ঃ **বাজার অনুযায়ী পরিবর্তনশীল**

ন্যূনতম মাসিক জমা ঃ **মাসিক - - - - - - - - - - - টাকা**

বৈশিষ্ট্য সমূহ

* সদস্যের বাসগৃহে নতুনত্ব বা গঠন আকৃতি পরিবর্তন, ভিতর ও বাহিরের সময়োপযোগী ধরনের আবহ সৃষ্টির জন্য নির্দিষ্ট সময়ান্তে ব্যয় বহনের জন্য ক্রেডিট ইউনিয়ন এই সঞ্চয় পরিকল্পনা বাস্তবায়ন করবে।

* নির্দিষ্ট সময় শেষে সদস্যের বাসগৃহের মেরামত, সম্প্রসারণ, ভিতর ও বাইরে সাজিয়ে তোলা বা বর্তমান গৃহের যেকোন ধরনের কাজ করার জন্য এই সঞ্চয় আমানত ব্যবহার করা যাবে।

* এধরনের সঞ্চয় প্রকল্পের মাসিক সঞ্চয় হার কত হবে তা সংশিষ্ট সদস্য ক্রেডিট ইউনিয়নের আর্থিক বিশেষজ্ঞের সঙ্গে আলোচনাক্রমে স্থির করে নেবে।

এস-৬ ঃ প্রাথমিক সঞ্চয় হিসাব	
প্রতিদিন লেন-দেন করার জন্য ব্যক্তিগত সহজ সঞ্চয় হিসাব * কোন ন্যূনতম স্থিতি নেই। * এই হিসাব পরিচালনার জন্য সরাসরি জমা ও উত্তোলন এবং ওভার ড্রাফট্ সুবিধা প্রদান করা হয়। * আদান-প্রদান কাউন্টারে জমা বা উত্তোলন করা যায়। * প্রতি স্তরে নির্দিষ্ট সঞ্চয় স্থিতির উপর সুদ হিসেব করা হয়। * প্রতিদিন সুদ হিসাব করা হয়, কিন্তু মাসান্তে ১ (এক) বার হিসাবে সুদ স্থানান্তর করা হয়। * প্রতিটি লেন-দেন-এর জন্য - - - - - - - - - - - ক্রেডিট ইউনিয়নের লয়ালটি পরিকল্পনা মোতাবেক খরচ বহন করতে হয়।	
০ - ১,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ০.০০%
২,০০০ - ৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ০.১০%
১০,০০০ - ১৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ০.২৫%
২০,০০০ - ৪৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ০.৩৫%
৫০,০০০ টাকার উর্ধ্বে	বার্ষিক ১.০০%

এস-৮ বিজনেস সেভিংস হিসাব	
প্রতিদিনের ব্যবসায়িক লেন-দেন পরিচালনার জন্য এই সঞ্চয় হিসাব পরিচালিত হবে * কোন ন্যূনতম জমা স্থিতি নেই। * এই হিসাব পরিচালনার জন্য সরাসরি জমা-উত্তোলন এবং ওভার ড্রাফট্ সুবিধা লাভ করা যায়। * আদান-প্রদান কাউন্টারে জমা বা উত্তোলন করা যায়। * প্রতি স্তর নির্ধারিত স্থিতি শেষে সুদ হিসাব করা হয়। * সুদ হিসাব দৈনিক, কিন্তু হিসাবে স্থানান্তর প্রদান মাসিক। * প্রতিটি লেন-দেন এর জন্য - - - - - - - - - - - - - ক্রেডিট ইউনিয়নের লয়ালটি পরিকল্পনা মোতাবেক খরচ বহণ করতে হয়।	
০ - ৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ০.১০%
১০,০০০ - ৪৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ০.২৫%
৫০,০০০ - ৯৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ০.৭৫%
১০০,০০০ টাকার উর্ধ্বে	বার্ষিক ১.২৫%

এস-১০ ঃ শিক্ষা সঞ্চয় হিসাব

শিশুদের সঞ্চয়ী করার জন্য ক্রেডিট ইউনিয়নের একটি বিশেষ সঞ্চয় প্রকল্প। এই প্রকল্পে পূর্ণকালীন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করতে পারবে।

* প্রাথমিক স্কুল শেষে ছাত্র-ছাত্রী এই সঞ্চয় প্রকল্পে স্কুল ব্যাংকিং হিসাবে জমা করতে পারবে।

* হাইস্কুল বা সমপর্যায়ের ছাত্র-ছাত্রী এতে অংশগ্রহণ করবে।

* রেডিকার্ড, সরাসরি জমা/উত্তোলন, নির্দিষ্ট সময়ান্তের বিভিন্ন ব্যয় পরিশোধে ব্যবহার হবে।

* আদায় কাউন্টারে জমা-উত্তোলন করা যাবে।

* এই সঞ্চয়ী হিসাবের হিসাবধারী রেডিকার্ড সুবিধা ভোগ করবে। কিন্তু তার অভিভাবক তা পাবে না।

* হিসাবধারী ছাড়াও সরাসরি জমা-প্রদান, নির্দিষ্ট সময়ান্তে বিভিন্ন ব্যয় পরিশোধ সুবিধা পাওয়া যাবে। তবে সংশিষ্ট ছাত্রের নিয়মিত জমার বেশি অন্য কারো জমা-উত্তোলনের জন্য - - - - - - - - টাকা খরচ প্রদান করতে হবে।

* হিসাবের স্থিতির উপর স্তর শেষে সুদ হিসাব করা হয়।

* দৈনিক ভিত্তিতে সুদ হিসাব কষা হয়, হিসাবে প্রদান প্রতি মাসান্তে।

০ - ১,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক .২৫%
২,০০০ - ৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ০.৫০%
১০,০০০ টাকার উর্ধ্বে	বার্ষিক ০.৭৫%

এস-১২ ঃ রিয়েল এস্টেট সেভিংস

ভূ-সম্পত্তি ব্যবসায়ী কোম্পানী বা এজেন্টগণ ক্রেডিট ইউনিয়নের সদস্যদের আস্থা অর্জনের জন্য ক্রেডিট ইউনিয়নে এই সঞ্চয় হিসাব খুলতে পারবে।

* ন্যূনতম কোন স্থিতির বাধ্যবাধকতা নেই।
* চেক বই, ইলেকট্রনিক ও সরাসরি জমা-উত্তোলন সুবিধা পাওয়া যায়।
* আদায় কাউন্টারে জমার সুবিধা ভোগ করা যায়।
* - - - - - - - - - - - - - ক্রেডিট ইউনিয়নের নিয়ম মোতাবেক লেন-দেন এর লয়ালটি ব্যয় বহন করতে হয়।
* বিভিন্ন ধরনের ফি ও চার্জ পূর্ব নির্দেশিত চলতি হিসাব হতে কর্তন করা হয়।

এস-১৪ ঃ সমাজ সহায়ক সংস্থার হিসাব

স্থানীয় সমাজকল্যাণ মূলক সংস্থা যারা সমাজের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড এবং ত্রাণ কাজে লিপ্ত, ক্রেডিট ইউনিয়নে যে সঞ্চয়ী হিসাব খুলবে সেসব সঞ্চয়ী হিসাবই সমাজ সহায়ক সংস্থার হিসাব। এধরনের সংস্থার প্রাপ্ত মুনাফা ও অন্যান্য সুবিধা শুধু সদস্যরাই নয়, অন্যরাও ভোগ করতে পারে।

* প্রতিমাসে ২৫টি খরচ বিহীন প্রদান, যার উর্ধ্বে হলে - - - - - - - - - - - টাকা হিসাব খরচ প্রদান করতে হয়। ইলেকট্রনিক উত্তোলন সর্বদাই ব্যয়হীন।
* কাউন্টারে চেক মারফত বা বাইরের অন্যান্য সূত্রের জন্য উত্তোলনের ব্যয় বহন করতে হবে।
* সুদ হিসাব করা হয় দৈনিক, হিসাবে প্রদান করা হয় মাসিক ভিত্তিতে।

৫০ টাকার উর্ধ্বে	বার্ষিক ০.২৫%

এস-১৫ ঃ অবসরকালের সঞ্চয় হিসাব

* সরকারী কর্মীদের পেনসন সুবিধার মত সুবিধা প্রদানের ব্যবস্থা।

* এই সুবিধা শুধুমাত্র সরকারী আধা-সরকারী বা অন্য কোন প্রতিষ্ঠানের পেনসন ভোগী ব্যক্তিদের জন্য প্রযোজ্য হবে।

* স্থিতির নির্ধারিত প্রতি স্তরে সুদ হিসাব করা হয়।

* প্রতিদিনের স্থিতির উপর সুদ হিসাব করে মাসান্তে হিসাবে স্থানান্তর করা হয়।

* ক্রেডিট ইউনিয়নের সার্ভিস চার্জ নীতিমালা মোতাবেক হিসাব খরচ কাটা হয়।

০ - ৩৩,৪০০ টাকা	বার্ষিক ২.৫%
৩৩,৪০০ টাকা বা তার উর্ধ্বে	বার্ষিক ৪.০%

এস ১৭ অধিক মুনাফার সঞ্চয় হিসাব
এই সঞ্চয়ী হিসাবে নগদ অর্থ ব্যবস্থাপনা, ব্যক্তিগত বিনিয়োগ সাধারণ যেকোন সঞ্চয়ী হিসাবের চেয়ে ২৪ ঘন্টার ব্যবধানের পরিবর্তনশীল সুদ প্রদানের ব্যবস্থা থাকবে। * দিন শেষে ন্যূনতম স্থিতির কোন বাধ্যবাধকতা নেই। * দৈনিক ২৪ ঘন্টা ইলেকট্রনিক পদ্ধতির মাধ্যমে উত্তোলন ব্যবস্থা। * লেন-দেন কাউন্টারের মাধ্যমে যেকোন সময় চেক মারফত - - - - - - - - টাকা তোলা যায়। * প্রতিমাসে আদান-প্রদান কাউন্টার অথবা ইলেকট্রনিক পদ্ধতিতে ৫ (পাঁচ) বার উত্তোলন করা যাবে। এর বেশি হলে - - - - - - - - - টাকা চার্জ প্রদান করতে হবে। * আদান-প্রদান কাউন্টার অথবা ইলেকট্রনিক ট্রান্সফার বা মাসিক বেতন-ভাতা হতে স্থানান্তরের মাধ্যমে জমা দেয়ার সুযোগ প্রদান করা হবে। * আদান-প্রদান কাউন্টারে মাসে ২ বারের বেশি জমার জন্য - - - - - - - - - টাকা সার্ভিস চার্জ বহন করতে হয়। কিন্তু ইলেকট্রনিক ট্রান্সফারের যেকোন সংখ্যক জমার জন্য কোন সার্ভিস চার্জ প্রদান করতে হবে না। * নির্ধারিত স্তরে হিসাবের স্থিতি উন্নীত হলে প্রতি স্তরের জন্য উচচ হারে সুদ প্রদান করা হয়। * দৈনিক ভিত্তিতে সুদ হিসাব করে মাসান্তে হিসাবে স্থানান্তর করা হয়। * অতিরিক্ত লেন-দেন এর জন্য হিসাব চার্জ প্রদান করতে হয়।

০ - ৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ০.২৫%
১০,০০০ - ১৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ২.০০%
২০,০০০ - ৭৪,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ২.৭৫%
৭৫,০০০ - ১৪৯,৯৯৯.৯৯ টাকা	বার্ষিক ৩.২৫%
১৫০,০০০ টাকার উর্ধ্বে	বার্ষিক ৩.৮৫%

এস ১৮: ছয় বছর মেয়াদী জমা **"ছয় বছরে দ্বিগুণ"** হিসাব

১. ক্রেডিট ইউনিয়নের যে কোন সদস্য ছয় বছর মেয়াদী জমা **"ছয় বছরে দ্বিগুণ"** হিসাবে অর্থ জমা করতে পারবে।

২. প্রতিটি মেয়াদী আমানত হিসাবে সর্বনিম্ন জমার পরিমাণ ১০,০০০ টাকা। ১০,০০০ টাকার উর্ধ্বে যে কোন পরিমাণ ব্যক্তির একক ও যৌথ নামে একাধিক হিসাবে রাখা যাবে। এই হিসাব খোলার জন্যে ক্রেডিট ইউনিয়ন থেকে সরবরাহকৃত নির্দ্দিষ্ট ফরমে আবেদন করতে হবে।

৩. কোন কারণে আমানতকারী যদি মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে অর্থ উত্তোলন করতে চায় সে ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতিতে আমানতকারী সুদ পাবে।

ক) যদি আমানত খোলার দিন থেকে পরবর্তী **১২** মাসের মধ্যে আমানতকারী আমানতের অর্থ উত্তোলন করতে চায় তাহলে উক্ত আমানতের উপর কোন সুদ পাবে না।

খ) যদি আমানত খোলার **১২** মাসের পর থেকে মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বদিনের মধ্যে আমানতকারী আমানত উত্তোলন করতে চায় তা হলে বার্ষিক ৭% হারে সুদ পাবে।

৪. আমানতকারী আমানতের অর্থ নগদ, ব্যাংক চেক, ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে নির্ধারিত রশিদ এর মাধ্যমে জমা করতে পারবে।

৫. আমানতের জন্যে অর্থ নগদে জমা করা হলে জমার দিন থেকে আমানতের মেয়াদ কাল শুরু হবে। যদি চেক, ডিডি বা পে-অর্ডারের মাধ্যমে অর্থ জমা করা হয় তা হলে উক্ত অর্থ ক্রেডিট ইউনিয়নের হিসাবে জমা হওয়ার দিন থেকে আমানতের মেয়াদ শুরু হবে।

৬. আমানতের মেয়াদ পূর্ণ হওয়ার পরবর্তী **১** মাসের মধ্যে যদি কোন আমানতকারী আমানত উত্তোলন না করে তা হলে আমানত সুদ ও আসল একত্র করে পুনরায় ৬ বছর মেয়াদে নবায়ন দেখানো হবে। আমানত নবায়ন হওয়ার পর যদি কোন আমানতকারী আমানত অর্থ উত্তোলন করতে চায় তা হলে উপরোক্ত ৩নং নীতিমালা অনুযায়ী সুদ প্রদান করা হবে।

এস ১৯: মাসিক সেভিংস প্লাস আমানত হিসাব

১. ক্রেডিট ইউনিয়নের যে কোন সদস্য **মাসিক সেভিংস প্লাস** আমানত হিসাবে অর্থ জমা করতে পারবে।

২. প্রতিটি **মাসিক সেভিংস প্লাস** আমানত হিসাবে সর্বনিম্ন জমার পরিমাণ হবে ৫০,০০০ টাকা। ৫০,০০০ টাকার উর্ধ্বে যে কোন পরিমাণ ব্যক্তির একক ও যৌথ নামে একাধিক হিসাব খোলা যাবে। এই হিসাব খোলার জন্যে ক্রেডিট ইউনিয়ন থেকে সরবরাহকৃত নির্দ্দিষ্ট ফরমে আবেদন করতে হবে।

৩. আমানতকারী **মাসিক সেভিংস প্লাস** আমানতের অর্থ নগদ, ব্যাংক চেক, ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে নির্ধারিত রশিদ এর মাধ্যমে জমা করতে পারবে।

৪. **মাসিক সেভিংস প্লাস** আমানতের অর্থ নগদে জমা করা হলে জমার দিন থেকে আমানতের মেয়াদ কাল শুরু হবে। যদি চেক, ডিডি বা পে-অর্ডারের মাধ্যমে অর্থ জমা করা হয় তা হলে উক্ত অর্থ ক্রেডিট ইউনিয়নের হিসাবে জমা হওয়ার দিন থেকে আমানতের মেয়াদ শুরু হবে।

৫. আমানতের মেয়াদ পূর্ণ হওয়ার পরবর্তী ৭ কর্ম দিবসের মধ্যে যদি কোন আমানতকারী আমানত এর অর্থ উত্তোলন এর জন্য আবেদন না করেন তা হলে আমানত পুনরায় নবায়ন দেখানো হবে।

৬. আমানতের মেয়াদ **১২** মাস বা এক বছর, **২৪** মাস বা দুই বছর, **৩৬** মাস বা তিন বছর মেয়াদে করা যাবে।

৭. আমানতের পরিমাণের উপর ভিত্তি করে মাসিক মুনাফা প্রদান করা হবে অর্থাৎ **১২** মাস বা এক বছর আমানতের প্রতি লাখে প্রতি মাসে ৯০০ টাকা, **২৪** মাস বা দুই বছর মেয়াদী আমানতে প্রতি লাখে ৯৫০ টাকা, **৩৬** মাস বা তিন বছর আমানতে প্রতি লাখে **১**,০০০ টাকা করে মাসিক মুনাফা প্রদান করা হবে।

৮. কোন আমানতকারী মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে **মাসিক সেভিংস প্লাস** আমানত উত্তোলন করতে চায় তা হলে নিম্নোক্ত নিয়মে উত্তোলন প্রদান করা হবেঃ

   ক. আমানতের মেয়াদ তিন মাস পূর্ণ হলে ৬.০০% সুদ পাবে।
   খ. আমানতের মেয়াদ ছয় মাস পূর্ণ হলে ৭.০০% সুদ পাবে।
   গ. আমানতের মেয়াদ বার মাস পূর্ণ হলে ৮.০০% সুদ পাবে।
   ঘ. আমানতের মেয়াদ বার মাসের বেশী হলে উপরের ৭ ধারা কার্যকর হবে।

৯. মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে **মাসিক সেভিংস প্লাস** আমানত উত্তোলনের ক্ষেত্রে যদি মাসিক সুদ ধারা ৮ অনুযায়ী প্রাপ্য সুদ হতে বেশী প্রদান করা হয়, সেক্ষেত্রে আমানতকারীর আসল হতে অতিরিক্ত প্রদানকৃত টাকা কর্তন করে প্রদান করা হবে।

১০. কোন আমানতকারী **মাসিক সেভিংস প্লাস** আমানত হিসাব খোলার দুই মাসের মধ্যে মূল টাকা উত্তোলন করতে চাইলে কোন সুদ পাবে না। মাসিক ভিত্তিতে প্রথম এক বা দুই মাসের সুদ প্রদান করা হলে তা আসল হতে কর্তন করা হবে।

১১. **মাসিক সেভিংস প্লাস** আমানত উত্তোলনকালে অবশ্যই আমানতের মূল রসিদে নমুনা স্বাক্ষর সহকারে আবেদন করতে হবে। যদি কোন আমানতকারী শুধু চিঠির মাধ্যমে বা আমানত রসিদের ফটোকপি প্রদান করে আমানত উত্তোলন করতে চায় তা হলে উক্ত আমানতকারীকে কোন অবস্থাতেই অর্থ প্রদান করা হবে না।